

বিশেষ অনুশীলন-১ (২০২০)

শ্রেণি-দশম

সময় : ১ ঘণ্টা ১৫মিনিট

বিষয় : গার্হস্থ্য বিজ্ঞান (অধ্যায়: দশম ও চতুর্দশ)

পূর্ণমান : ৫০

বহুনির্বাচনী প্রশ্ন (৩০ মিনিট)

- ১। সুক্রোজ ভাঙলে কী কী পাওয়া যায়?
ক) গ্লুকোজ+গ্লুকোজ খ) গ্লুকোজ+ সেলুলোজ
গ) গ্লুকোজ+ফুকটোজ ঘ) গ্লুকোজ+গ্যালাকটোজ
- ২। ভিটামিন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে কীভাবে?
(i) কর্মদক্ষতা ও স্বাস্থ্য অটুট রেখে
(ii) যকৃতকে ব্যাকটেরিয়ার বিষক্রিয়া হতেরক্ষা করে
(iii) প্রাণীর বংশবৃদ্ধিতে সাহায্য করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii
- ৩। যে অ্যামাইনো এসিড আমাদের দেহে তৈরি হয় না তাকে কী বলে?
ক) অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড
খ) অনাবশ্যকীয় এমাইনো এসিড
গ) সম্পূর্ণ অ্যামাইনো এসিড
ঘ) অসম্পূর্ণ অ্যামাইনো এসিড
- ৪। নিচের কোনটি দেহের পানির সমতা বজায় রাখে?
ক) হরমোন খ) এনজাইম গ) ভিটামিন ঘ) প্লাজমা
- ৫। Texo শব্দের অর্থ কী?
ক) আঁশ খ) তৈরি করা
গ) বুনন করা ঘ) বুনন উপযোগী
- ৬। সেলুলোজিক তন্তু তৈরিতে কোন প্রাকৃতিক সেলুলোজ পদার্থ ব্যবহৃত হয়?
(i) কাঠের গুঁড়া
(ii) ছোট তুলার আঁশ
(iii) কাগজের মন্ডুও
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) iii
- ৭। ম্যানিলা কোন ধরনের তন্তু?
ক) বীজতন্তু খ) বৃক্ষকোষ
গ) পল্লব তন্তু ঘ) বাদামের খোলস তন্তু
- ৮। পায়ের তলা জুতার মতো ক্ষয় হয়না কেন?
ক) পায়ের তলার কোষগুলো স্থায়ী
খ) পায়ের তলায় মৃত কোষ থাকে
গ) পায়ের তলায় প্রোটিন জমা থাকে
ঘ) প্রতিনিয়ত নতুন কোষ গঠিত হয়
- ৯। প্রাণী দেহে সঞ্চিত কোন খাদ্য উপাদানের নাম গ্লাইকোজেন?
ক) প্রোটিন খ) কার্বোহাইড্রেট
গ) স্নেহ পদার্থ ঘ) খনিজ লবণ
- ১০। নিচের কোন পলি স্যাকারাইড ভাঙার মতো এনজাইম মানবদেহে নেই?
ক) স্টার্চ খ) গ্লাইকোজেন
গ) সেলুলোজ ঘ) ল্যাকটোজ
- ১১। নিচের কোনটি বীজ তন্তু?
ক) ক্যাপক খ) ফ্ল্যাক্স গ) র্যামি ঘ) পিনা
- ১২। মাছ ধরার জাল কোন তন্তু দিয়ে তৈরি?
ক) রেয়ন খ) রেশম গ) নাইলন ঘ) রাবার
- ১৩। বয়নতন্তুর গৌণ বা মাধ্যমিক গুণ কোনটি?
ক) রেসিলিয়েন্সি খ) নমনীয়তা
গ) অনুপাত ঘ) আসঞ্জনপ্রবণ
- ১৪। “তন্তুকে টানলে প্রসারিত হয় এবং টান সরিয়ে নিলে আগের অবস্থায় ফিরে আসে” উক্তিটি দ্বারা বুঝানো হয়েছে-
(i) তন্তুর টান সহ্য ক্ষমতা
(ii) তন্তুর রেসিলিয়েন্সি
(iii) তন্তুর স্থিতিস্থাপকতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) iii
গ) ii ও iii ঘ) i, ও iii
- ১৫। তন্তু বলতে যে কোন প্রকার আঁশকে বুঝালেও বস্ত্র শিল্পের ক্ষেত্রে অধিক উপযোগী কোনটি?
ক) পাটতন্তু খ) বয়নতন্তু
গ) লিলেন তন্তু ঘ) কৃত্রিম তন্তু
- ১৬। তাপ পরিবাহক হিসেবে কোন তন্তুর স্থান সবার উপরে?
ক) পাট তন্তু খ) কৃত্রিম তন্তু
গ) এসবেসটস তন্তু ঘ) ফ্ল্যাক্সতন্তু
- ১৭। অনেক সময় ভিটামিন ডি এর অভাবে গর্ভবতী মহিলাদের পায়ের হাড় ও মেরুদণ্ড বেঁকে যায়। এটি কিসের লক্ষণ?
ক) পেলেগ্রা খ) পোলিও
গ) অস্টিওম্যালেসিয়া ঘ) বেরিবেরি
- ১৮। কোন খাদ্য উপাদান যকৃতকে ব্যাকটেরিয়া ঘটিত বিষক্রিয়া হতে রক্ষা করে?
ক) প্রোটিন খ) ভিটামিন
গ) কার্বোহাইড্রেট ঘ) স্নেহ পদার্থ
- ১৯। আমাদের খাদ্যে দৈনিক ক্যালরির কত ভাগ স্নেহ পদার্থ থেকে গ্রহণ করা উচিত?
ক) ১৫%-২০% খ) ২০%-২৫%
গ) ২৫%-৩০% ঘ) ৫০%-৬০%

